

নেত্রকোনার একটি বালিকা বিদ্যালয়ের চিত্র

৩১৪ ছাত্রীর মধ্যে উপস্থিত ১৯
৮ম ও ৯ম শ্রেণীতে একজনও নেই!

শ্যামলেন্দু পাল, নেত্রকোনা
সংবাদদাতা ॥ বাংলাদেশের শিক্ষা
ব্যবস্থার বর্তমান করুণ হালের এক
জ্বালান্যমান প্রমাণ পাওয়া গেছে
নেত্রকোনা সদর উপজেলার ঠাকুরা-

কোনা চরপাড়া বালিকা বিদ্যালয়ে
আকস্মিক পরিদর্শনকালে। এই
বিদ্যালয়ে গত ২০ মে ষষ্ঠ শ্রেণী
থেকে দশম শ্রেণী পর্যন্ত ৩১৪ জন
ছাত্রীর মধ্যে মাত্র ১৯ জন উপস্থিত
ছিল। এর মধ্যে ৮ম এবং ৯ম
শ্রেণীর ছাত্রী উপস্থিতির হার ছিল
একবারে শূন্য। উপজেলা একা-
ডেমিক সুপারভাইজার বো: জাকির
হোসেন উপজেলা নির্বাহী কর্মকর্তা
(১৪শ পৃ: ড:)

নেত্রকোনার একটি স্কুলে
(১১শ পৃ: পর)

প্রশান্ত দাসের নির্দেশে ওইদিন
দুপুরে বিদ্যালয়ে আকস্মিক পরি-
দর্শনে গিয়ে এটা দেখতে পান।
তিনি দেখেন ৬ষ্ঠ শ্রেণীতে ৫২
জনের মধ্যে ১০, ৭ম শ্রেণীতে ৫৫
জনের মধ্যে মাত্র ২ ও ১০ম শ্রেণীতে
৫৪ জনের মধ্যে ৭ জন উপস্থিত।
কিন্তু ৮ম শ্রেণীতে ৬৬ জনের এবং
৯ম শ্রেণীতে ৮৭ জনের মধ্যে
সবাই অনুপস্থিত। তবে ৯ জন
শিক্ষকের মধ্যে ৭ জন শিক্ষককে
পাওয়া গেছে ৯ নির্বাহী কর্মকর্তা
জানান, এ ব্যাপারে প্রয়োজনীয়
ব্যবস্থা নেয়া হচ্ছে।